পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

পিরোজপুর:: পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিবিপ্রবি) কেন্দ্রে জিএসটি গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ‘বি’ ইউনিটের (মানবিক অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ০২ মে (শুক্রবার) সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত পিবিপ্রবির একাডেমিক ও প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত এ পরীক্ষায় উপস্থিতর হার ছিল প্রায় ৯৪ শতাংশ।
দেশের ২১টি কেন্দ্রে একযোগে জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষা চলাকালে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম পরীক্ষা কেন্দ্রসমূহ ও কন্ট্রোল রুম পরিদর্শন করেন।

ড. মো. শহীদুল ইসলাম বলেন, গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের অর্থ ও সময় সাশ্রয়ের পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্তে তাদের যাতায়াতের ভোগান্তি লাঘবের জন্য পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালকে কেন্দ্র হিসেবে বেছে নেওয়ায় সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানাই।

এ সময় পিবিপ্রবি উপাচার্য অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বিদ্যুৎ বিভাগ, ইলেকট্রনিক ও প্রিন্টিং মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ সকল মহলকে উপাচার্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।